

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.১৮

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মার্চ-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি : খুলনা মহানগরী ও জেলার বিভিন্ন এলাকায় সাম্প্রতিক বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। সরকারের সমন্বয়যোগ্য উদ্যোগ, নির্দেশনা ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর সমন্বিত প্রচেষ্টার ফলে বিদ্যুৎ সরবরাহ এখন অনেকটা স্থিতিশীল ও নিরবচ্ছিন্ন যা সাধারণ জনগনের মধ্যে স্বস্তি ফিরিয়ে এনেছে। এছাড়া স্থানীয় পর্যায়ে বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনার প্রচার-প্রচারণায় জনগনের মধ্যে বিদ্যুতের সঠিক ব্যবহার ও অপচয় রোধে সচেতনতা দেখা যাচ্ছে।

স্থানীয় বিষয় : খুলনাতে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে। খুলনার বিভিন্ন পেট্রোল পাম্প ঘুরে দেখা যায়, পাম্পগুলোতে দীর্ঘলাইন থাকলেও সরকার নির্ধারিত দামে অকটেন, পেট্রোল ও ডিজেল পর্যাপ্ত পরিমাণে পাচ্ছে ভোক্তারা। এছাড়া বাস, ট্রাক ও ব্যক্তিগত যানবহন স্বাভাবিকভাবে চলাচল করছে, ফলে যাত্রীদের ভোগান্তি তুলনামূলক কম হচ্ছে। পাম্প মালিকরা বলছেন, বর্তমানে চাহিদার তুলনায় সরবরাহ ঠিক থাকায় কোনো সংকট নেই। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর স্থানীয় কর্মকর্তারা জানান, জ্বালানি তেলের আমদানি ও সরবরাহ ব্যবস্থাপনা স্বাভাবিক রাখতে সরকার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। সার্বিকভাবে বলা যায়, খুলনায় জ্বালানি তেলের সরবরাহ বর্তমানে স্থিতিশীল থাকলেও পরিস্থিতির ওপর নজর রাখা জরুরি।


পরিবেশ : বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে খুলনা সিটি কর্পোরেশন বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা : খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলনামূলক ভালো। এবং এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

দ্রব্যমূল্য : খুলনা সিটি কর্পোরেশন এলাকার স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় চাল, ডাল, মাংস, মুরগি, শাক-সবজি ও তেলের দাম সহনীয় পর্যায়ে রয়েছে। জেলা প্রশাসনের নিয়মিত বাজার তদারকি ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রমে ভেঙে দেওয়া হচ্ছে সিন্ডিকেট এবং অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য।

নৈতিক অবক্ষয় : নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার : অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ ক্যাম্প চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাশ্বরে কল করার জন্য বলা আছে।



৩০-০৩-২০২৬

গাজী জাকির হোসেন

পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

